**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ২২৩-আইন/২০২৫/৪৫/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিল এর কলাম (1) এর Heading No. 48.01 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত নিউজপ্রিন্ট কাগজ, সংবাদপত্র ও সাময়িকী প্রকাশকগণ কর্তৃক আমদানি করা হইলে, উহার উপর আরোপনীয় কাস্টমস ডিউটি, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৩% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

**শর্ত**

(১) এই সুবিধা কেবল আমদানিকৃত অনুর্ধ্ব ২৮ ইঞ্চি প্রস্থবিশিষ্ট নিউজপ্রিন্ট কাগজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(২) নিউজপ্রিন্ট কাগজ আমদানির পরিমান তথ্য মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক যৌথভাবে নির্ধারিত বাৎসরিক এনটাইটেলমেন্ট বা কোটার অনধিক হইতে হইবে; এবং

(৩) সংবাদপত্র ও সাময়িকী প্রকাশকগণ কর্তৃক পণ্য আমদানি করা হইয়াছে এবং এক বা একাধিকবার আমদানি করা হইলেও উহা শর্ত (২) মোতাবেক নির্ধারিত বাৎসরিক এনটাইটেলমেন্ট বা কোটার অতিরিক্ত নহে এই মর্মে তথ্য মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় এর অন্যূন যুগ্ম সচিব পদমর্যাদাসম্পন্ন একজন করিয়া কর্মকর্তার যৌথ স্বাক্ষরিত প্রত্যয়নপত্র শুল্কায়নকালে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। ১ জুলাই, ২০১৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২১৫-আইন/ ২০১৩ /২৪৫৪/কাস্টমস এতদ্দ্বারা রহিত করিল।

৩। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।